

বিবেকানন্দ শিক্ষার সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন : “Education is the manifestation of perfection already in man” অর্থাৎ শিক্ষা হল অন্তর্নিহিত সত্ত্বার বিকাশ সাধন। তিনি এ প্রসঙ্গে আরও বলেছেন, “Like fire in a piece of flint knowledge exists in the mind, suggestion is the fiction which brings it out” অর্থাৎ চকমকি পাথরের মধ্যে আগুন যেমন লুকিয়ে থাকে, জ্ঞানও তেমনি মনের মধ্যে থাকে। দন্দ ও প্রস্তাবনার মাধ্যমে সব কিছুর বহিঃপ্রকাশ ঘটে।”

শিক্ষার লক্ষ্য : বিবেকানন্দের মতে শিক্ষার লক্ষ্য শুধুমাত্র কতকগুলি তথ্য সংগ্রহ করা নয়। মানুষ তৈরি করা চরিত্র গঠন করা এবং বিভিন্ন ভাবে যথার্থভাবে পরিপাক করাই হল শিক্ষার উদ্দেশ্য। এ প্রসঙ্গে তিনি বলেছেন, “Education that is put into your brain and runs riot there undigested all your life, we must have life building, man-making, character making, assimilation of ideas” তিনি শিক্ষার লক্ষ্য প্রসঙ্গে অপর এক জায়গায় বলেছেন,—“Education should lay proper emphasis on creativity, originality and excellence.” অর্থাৎ প্রকৃত শিক্ষা শিক্ষার্থীর সৃজনশীলতা, নিজস্বতা এবং উৎকর্ষতার উপর জোর দেয়। তাঁর মতে মানুষের যে সৃজনী প্রতিভা রয়েছে তাকে বিকশিত করে তোলাই হবে শিক্ষার লক্ষ্য। শিক্ষার চরম লক্ষ্য প্রসঙ্গে তিনি দ্বিধাহীন ভাবে বলেছেন, “The end of all education, all training should be man making. The end and aim of all training is to make the man grow.” অর্থাৎ যে বুদ্ধি বা বিকাশের ফলশ্রুতি হিসাবে মানুষ মনুষ্যত্বের অধিকারী হবে, সেই বুদ্ধি বা বিকাশই হল শিক্ষার চরম লক্ষ্য।